দৈনিক জনকণ্ঠ

২৪/১০/২০০৭

তারিখ ..............

পৃষ্ঠা ৬ কলাম ৪

# জাবিতে ছাত্রদলের কার্যক্রম স্থগিত

জাবি সংবাদদাতা ॥ 'ছাত্রদল জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শাখার সকল কার্যক্রম স্থগিত' কেন্দ্রীয় ছাত্রদলের এই ঘোষণা শুক্রবার জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে টক অব দ্য ক্যাম্পাস ছিল। বৃহস্পতিবার রাতে ছাত্রদল কেন্দ্রীয় সংসদের সভাপতি নাসিরুদ্দিন পিন্টু ও সাধারণ সম্পাদক শাহাবুদ্দিন লাল্টুর গৃহীত এ সিদ্ধান্ত ক্যাম্পাসে পৌঁছলে আলোচনার ঝড় ওঠে। শুক্রবার সকালে জাবি ছাত্রদলের শীর্ষ পর্যায়ের নেতৃবৃন্দ ছুটে আসে ঢাকায় কেন্দ্রীয় নেতৃবৃন্দের কাছে। অপরদিকে ক্যাম্পাসে অবস্থানরত জাবি কমিটির বেশ কিছু ছাত্রদল নেতা কেন্দ্রীয় কমিটির এ সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে। ক্যাম্পাসে প্রতি হলে ছাত্রদলের কর্মীদের সঙ্গে সাক্ষাত করে এরা ছুটে যায় বিএনপিপন্থী শিক্ষকদের বাসায় পরিবর্তিত অবস্থায় নিজেদের আসন পাকাপোক্ত করার জন্য। তবে সাধারণ কর্মীদের মাঝে হতাশা লক্ষ্য করা গেছে।